

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২০ মার্চ, ২০১৬।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীবৃন্দ

হতে : পরিচালক

বিষয় : পদবী পরিবর্তন, তত্ত্বাবধায়ক সম্পর্ক এবং কমিউনিটি রেডিও পরিচালনার দায়িত্ব পালন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

সংস্থার ব্যবস্থাপনার সিদ্ধান্তক্রমে নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।

১. ফেরদৌস আরা রুমী (সহকারী পরিচালক-জেডার ও প্রশিক্ষণ) এর পদবী পরিবর্তন এবং অন্যান্য বিষয়াবলী:
 - ১.১ ফেরদৌস আরা রুমীর নতুন পদবী হবে সহকারী পরিচালক-জেডার, প্রশিক্ষণ এবং কমিউনিটি রেডিও।
 - ১.২ তিনি জেডার এবং কমিউনিটি রেডিও এর জন্য সরাসরি নির্বাহী পরিচালকের এবং অন্যান্য বিষয়গুলোর জন্য পরিচালকের কাছে দায়বদ্ধ থাকবেন।
 - ১.৩ তিনি ঢাকা থেকে কমিউনিটি রেডিওর প্রোগ্রাম সম্পর্কিত বিষয়সমূহ তদারকি করবেন।
 - ১.৪ তিনি সমন্বয়কারী-আইসিটি ও কমিউনিটি রেডিও (জনাব এনামুল হক) এর প্রথম তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।
 - ১.৫ রেডিও মেঘনা সম্পর্কিত যে কোন বিষয় নিয়ে সমন্বয়কারী-প্রশিক্ষণ নিয়মিত তার সাথে যোগাযোগ রক্ষা করবেন।
২. জনাব এনামুল হক (সমন্বয়কারী-আইসিটি ও কমিউনিটি রেডিও):
 - ২.১ জনাব এনামুল হক কমিউনিটি রেডিওর শুধুমাত্র কারিগরী বিষয়সমূহ নিশ্চিত করবেন।
 - ২.২ তিনি কমিউনিটি রেডিও প্রোগ্রামের মান নিয়ন্ত্রণে সহকারী পরিচালক-জেডার, প্রশিক্ষণ এবং কমিউনিটি রেডিওকে সার্বিক সহায়তা করবেন।
 - ২.৩ তিনি সহকারী পরিচালক-জেডার, প্রশিক্ষণ এবং কমিউনিটি রেডিও এর নিকট দায়বদ্ধ থাকবেন।
৩. সাদিয়া আক্তার মুনিয়া (সহকারী স্টেশন ম্যানেজার-রেডিও মেঘনা):
 - ৩.১ তিনি রেডিও মেঘনার সার্বিক বিষয়সমূহের জন্য সমন্বয়কারী-প্রশিক্ষণ এর নিকট দায়বদ্ধ থাকবেন। অর্থাৎ তার প্রথম তত্ত্বাবধায়ক হবেন সমন্বয়কারী-প্রশিক্ষণ এবং দ্বিতীয় তত্ত্বাবধায়ক হবেন সহকারী পরিচালক-জেডার, প্রশিক্ষণ এবং কমিউনিটি রেডিও।
 - ৩.২ তিনি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত রেডিও মেঘনার জন্য সকল যোগাযোগ তার প্রথম তত্ত্বাবধায়কের সাথে সীমাবদ্ধ রাখবেন।
 - ৩.৩ তিনি প্রডিউসার-প্রোগ্রাম, নিউজ প্রডিউসার, এডিটর, টেকনিক্যাল অফিসার এবং সকল ভলান্টিয়ারগণ (রেডিও মেঘনা) এর প্রথম তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।
 - ৩.৪ আগামী ৩০ মার্চ ২০১৬ তারিখের পর থেকে তিনি সরাসরি প্রোগ্রাম উপস্থাপনার দায়িত্বে না থেকে তার সহকর্মীদের দিয়ে সকল কাজ সম্পন্ন করিয়ে নেবেন। তবে তিনি সকল প্রোগ্রামের মান নিয়ন্ত্রণ করবেন।
 - ৩.৫ তিনি প্রথম তত্ত্বাবধায়ক হিসেবে রেডিও মেঘনার সকল কর্মীদের বিল ভাউচার অনুমোদন দেবেন। তাছাড়া তিনি তার সকল কর্মীদের গতিবিধি নিয়ন্ত্রণ এবং মাসিক পরিকল্পনা করবেন।
 - ৩.৬ তিনি সংস্থার মানব সম্পদ নীতিমালা রেডিও মেঘনার নীতিমালা লঙ্ঘনকারী কর্মী/ভলান্টিয়ারের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। অর্থাৎ প্রয়োজনে তিনি যে কোন কর্মী বা ভলান্টিয়ারকে বরখাস্ত করতে পারবেন।
 - ৩.৭ সকল হিসাব/বিল ভাউচার সংরক্ষণ করবেন এবং তিনি সম্পদ রেজিস্টার নিয়মিত হালনাগাদ রাখবেন। এর জন্য তিনি ব্যবস্থাপক-হিসাব এর নিকট দায়বদ্ধ থাকবেন।


20.03.2016

৪. সহকারী পরিচালক-জেভার, প্রশিক্ষণ এবং কমিউনিটি রেডিও এবং সমন্বয়কারী-প্রশিক্ষণ আগামী ৩০ মার্চ ২০১৬ তারিখের মধ্যে রেডিও মেঘনার সকল কর্মীদের বিস্তারিত কর্মদায়িত্ব সকলের অংশগ্রহণের মাধ্যমে তৈরি করবেন। বিস্তারিত কর্ম দায়িত্ব না হওয়া পর্যন্ত উপরোক্ত সংশ্লিষ্ট কর্মদায়িত্ব পালন সকল কর্মীদের জন্য বাধ্যতামূলক।
৫. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং প্রতিটি অফিসের সকল কর্মীর স্বাক্ষর নিয়ে ৩১ মার্চ, ২০১৬ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো নিশ্চিত করতে হবে।
৬. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে আগামী ৩১ মার্চ ২০১৬ তারিখের মধ্যে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক 20.03.2016

অনুলিপি: নির্বাহী পরিচালক